


টুকরো খবর ইণ্ডিয়ান

ছবির বর্ণনা দেবে ক্যামেরা

ক্যামেরা বলতে সাধারণত আমরা এমন এক ধরনের যন্ত্রকেই বুঝে থাকি, যা যেকোনো দৃশ্যের প্রতিক্রম ধারণ করতে পারে। অর্থাৎ কোনো ব্যক্তির বা স্থানের ছবি তোলায় যন্ত্রই হচ্ছে ক্যামেরা। তবে ক্যামেরার সেই সংজ্ঞা পাল্টে দিয়েছে যুক্তরাষ্ট্রের একজন শিক্ষার্থী। তার উদ্ভাবিত ক্যামেরা ছবি না তুলে যার বা যা কিছুর ছবি তোলা হয়েছে, তার একটি বর্ণনা প্রদান করতে সক্ষম। এটি মূলত কোনো দৃশ্যের ছবি তোলার পর তা আপলোড করে দেয় ইন্টারনেটে এবং অ্যামাজনের



মেকানিক্যাল টার্ক সার্ভিসের মাধ্যমে মূহূর্তের মধ্যেই সেই দৃশ্যের বর্ণনা চলে আসে ক্যামেরায়। আর সেই বর্ণনাটিই ছেপে দেয় ক্যামেরা। নিউইয়র্ক ইউনিভার্সিটির একজন স্নাতক শিক্ষার্থী ডিজাইন করেছেন এই ক্যামেরাটি। এই ডিভাইসটিতে বিগলবন নামের একটি কম্পিউটার সিস্টেম ব্যবহার করা হয়েছে। অ্যামাজনের মেকানিক্যাল টার্ক সিস্টেমে প্রতিটি ছবির বর্ণনা দেওয়ার জন্য সোয়া এক ডলার প্রদান করা হচ্ছে। আর একটি ছবি তোলার তিন থেকে ছয় মিনিটের মধ্যেই এর বর্ণনা পাওয়া যাচ্ছে।